

সাগর বক্ষে

নীলাকাশে ভাসে মেঘকুল,
শ্বেত কৃষ্ণ বিবিধ বরণ --
তাহে তারতম্য তারল্যের
পীত ভানু মাঙ্গিছে বিদায়,
রাগছটা জলদ দেখায়।

বহে বায়ু আপনার মনে,
প্রভঞ্জন করিছে গঠন --
ক্ষণে গড়ে, ভাঙ্গে আর ক্ষণে --
কতমত সত্য অসম্ভব --
জড়, জীব, বর্ণ, রূপ, ভাব।

ঐ আসে তুলারাশি সম,
পরক্ষণে হের মহানাগ,
দেখ সিংহ বিকাশে বিক্রম,
আর দেখ প্রণয়িয়ুগল;
শেষে সব আকাশে মিলায়।

নীচে সিন্ধু গায় নানা তান;
মহীয়ান্ সে নহে, ভারত!
অমুরাশি বিখ্যাত তোমার;
রূপরাগ হ'য়ে জলময়
গায় হেথা, না করে গর্জন।